

‘গুচ্ছ’ থেকে বেরিয়ে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করল খুলনা বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

১৯ ডিসেম্বর ২০২৪, ১২:৪০ পিএম



খুলনা বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে ‘গুচ্ছ’ প্রক্রিয়া থেকে বের গেছে খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি)। আগামী ১৭ এপ্রিল নিজস্ব ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে তারা।

UNIBOTS

আজ বৃহস্পতিবার ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথমবর্ষে নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করেছে খুবি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ১০ জানুয়ারি বিশ্ববিদ্যালয়টিতে ভর্তির অনলাইন আবেদন শুরু হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১৭ ও ১৮ এপ্রিল। বিশ্ববিদ্যালয়টি শিক্ষার্থীদের দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দেওয়ার সুযোগ রেখেছে।

২০২০-২১ শিক্ষাবর্ষে গুচ্ছ ভর্তি পদ্ধতি চালু হয়। সেই শিক্ষাবর্ষ থেকেই খুলনা বিশ্ববিদ্যালয় গুচ্ছের অন্তর্ভুক্ত ছিল। চার শিক্ষাবর্ষ পর গুচ্ছ ছাড়লো বিশ্ববিদ্যালয়টি। এর আগে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) গুচ্ছ ছাড়ার ঘোষণা দেয়।

এদিকে, খুবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. এস এম মাহবুবুর রহমানের সই করা ভর্তি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২১ ও ২০২২ সালে অনুষ্ঠিত এসএসসি ও সমমান এবং ২০২৩ ও ২০২৪ সালে অনুষ্ঠিত এইচএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা খুলনা বিশ্ববিদ্যালয় ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

তবে তাদের ফল খুলনা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করতে হবে। ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০১৯ ও ২০২০ সালে অনুষ্ঠিত এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

খুবির ভর্তি পরীক্ষা ইউনিটভিত্তিক অনুষ্ঠিত হবে। ‘এ’ ও ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষায় শুধু বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা এবং ‘সি’ ও ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবেন।

আবেদন প্রক্রিয়া ও ভর্তি ফি পরিশোধ: আগামী ১০ জানুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত খুলনা বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন করা যাবে। ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে ভর্তির আবেদন করা যাবে।

আবেদনকারী অনলাইনে ভর্তির আবেদন পূরণ করে জমাদানের সময়ে নির্ধারিত ফি প্রদান করবেন। পরে ভর্তি পরীক্ষার পূর্বে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

ভর্তি পরীক্ষায় আবেদন করার নিয়ম, বিস্তারিত তথ্য এবং আবেদন ফি জমাদানের পদ্ধতি খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

আবেদন ফি: ‘এ’, ‘বি’ ও ‘সি’ ইউনিটের আবেদন ফি এবার ১ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। আর ‘ডি’ ইউনিটের আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ৭০০ টাকা। তবে স্থাপত্য ও চারুকলা বিষয়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে সংশ্লিষ্ট ইউনিটের (এ ও সি) আবেদন ফির সঙ্গে অতিরিক্ত ২০০ টাকা দিতে হবে।

ভর্তি পরীক্ষার সময়সূচি: ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা ১৭ এপ্রিল অনুষ্ঠিত হবে। কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান, আইন, শিক্ষা ও চারুকলা অনুষদ নিয়ে ‘সি’ ইউনিট গঠন করা হয়েছে। ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন অনুষদ নিয়ে গঠিত হয়েছে ‘ডি’ ইউনিট। এ ইউনিটের ভর্তি পরীক্ষাও ১৭ এপ্রিল অনুষ্ঠিত হবে।

১৮ এপ্রিল অনুষ্ঠিত হবে ‘এ’ ও ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা। ‘এ’ ইউনিটে বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা অনুষদের বিষয়গুলো অন্তর্ভুক্ত। আর ‘বি’ ইউনিটে রয়েছে জীববিজ্ঞান অনুষদ।